দৈনিক ইত্তেফাক

তারিখ 23 APR 2008
পৃষ্ঠা ১ কলাম ৪

# ছাত্রলীগ নেতৃবৃন্দের বিরুদ্ধে ছাত্রী নির্যাতনের অভিযোগ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের সংস্কারপন্থি গ্রুপের নেতাকর্মীদের মহড়া অব্যাহত রয়েছে। গত রবিবার ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষের পর থেকে সংস্কারপন্থিরা সাংগঠনিকভাবে আরো শক্তিশালী হয়ে উঠেছে। মঙ্গলবার মধুর ক্যান্টিনে সাংবাদিক সম্মেলনে সংস্কারপন্থিরা ছাত্রলীগের শীর্ষ নেতৃবৃন্দের বিরুদ্ধে ছাত্রী নির্যাতনের অভিযোগ তুলে আওয়ামী লীগের সর্বোচ্চ নীতি নির্ধারকদের কাছে বিচারের দাবি জানিয়েছে। ছাত্রলীগের মূল ধারার হামলায় আহত দলীয় সংস্কারপন্থি নেত্রী সীমা ইসলাম বলেন, গত রবিবার কেন্দ্রীয় লাইব্রেরীর সামনে (২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)



*ছাত্রলীগের শীর্ষ নেতৃবৃন্দের বিরুদ্ধে ছাত্রী নির্যাতনের অভিযোগ করে মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দলীয় নেত্রী সীমা ইসলাম সংবাদ সম্মেলন করেন —ইত্তেফাক*

## ছাত্রলীগ নেতৃবৃন্দের

(প্রথম পৃঃ পর)

ছাত্রলীগের সভাপতি মাহমুদ হাসান রিপন ও বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি সোহেল রানা টিপুর নির্দেশে আমাকে নির্যাতন করা হয়েছে। আমি চারুকলা ইনস্টিটিউট থেকে রোকেয়া হলের দিকে যাওয়ার সময় ছাত্রলীগের নেতৃবৃন্দ অতর্কিত হামলা চালায়। হামলাকারীদের বিরুদ্ধে এখনো কোন ব্যবস্থা নেয়া হয়নি। তিনি বর্তমানে চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন বলে উল্লেখ করেন। সাংবাদিক সম্মেলন চলাকালীন ছাত্রলীগের সংস্কারপন্থি নেতাকর্মীরা ক্যাম্পাসের বিভিন্ন পয়েন্টে অবস্থান নেয়। তবে ক্যাম্পাসে ছাত্রলীগের মূল ধারার কোন নেতাকর্মীদের দেখা যায়নি। ছাত্রী নির্যাতনের অভিযোগ সম্পর্কে ছাত্রলীগের সভাপতি মাহমুদ হাসান রিপন বলেন, একটি মহলের এ্যাসাইনমেন্ট নিয়ে কিছু দলছুট নেতাকর্মী ষড়যন্ত্রে লিপ্ত হয়েছেন। শেখ হাসিনার মুক্তির আন্দোলনকে ভিন্ন খাতে প্রবাহের চেষ্টা চলছে। সকল ষড়যন্ত্র প্রতিহত করে আন্দোলনের মাধ্যমে শেখ হাসিনাকে মুক্ত করা হবে।